দৈনিক সংবাদ 14

তারিখ ... SEP 22 1999
পৃষ্ঠা 2 কলাম 7

# দেড়শ কোটি টাকার প্রাথমিক শিক্ষা প্রকল্প শুরু

মানসম্মত প্রাথমিক শিক্ষা জোরদার করার জন্য দেশে আরো একটি প্রাথমিক শিক্ষা প্রকল্প সোমবার থেকে কাজ শুরু করেছে। বৃটিশ আন্তর্জাতিক উন্নয়ন বিভাগের অর্থ সহায়তায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এই প্রকল্প বাস্তবায়ন করবে। পাঁচ বছর মেয়াদি ইস্টিম নামের প্রকল্পে ১৫২ কোটি টাকারও বেশি টাকা ব্যয় করা হবে।

ঢাকার প্রকল্পের কর্মসূচি আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকালে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক গণশিক্ষা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, দেশের প্রায় ৩৭ হাজার প্রাথমিক স্কুলের দেড় লাখেরও বেশি শিক্ষক ও ছাত্র এই প্রকল্প থেকে সরাসরি উপকৃত হবে।